অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ অধিশাখা
www.mocat.gov.bd

২৩ আষাঢ় ১৪২৬ ব:
নং-৩০.০০.০০০০.০১৪.০৫.০০১.২০১৮ - ৬৮৩ তারিখ: --------------------
০৭ জুলাই ২০১৯খ্রি:

বিষয়ঃ সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক হেলিপোর্ট এবং ভূমি ও ছাদে হেলিপ্যাড নির্মাণ সংক্রান্ত নীতিমালার উপর মতামত প্রদান।

সূত্রঃ এ মন্ত্রণালয়ের পত্র নং-৩০.০০.০০০০.০৫.০০১.২০১৮-৬৭৭, তাং ০৯.০৭.২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত খসড়া "হেলিপোর্ট স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০১৯" এবং "Rooftop Helipad নীতিমালা-২০১৯" দুটির উপর গত ০২ জুলাই ২০১৯খ্রিঃ তারিখ আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত ৪(ক) নিম্নরুপঃ

"অনুচ্ছেদ ৩.২(ক) ও ৩.২(খ) এ বর্ণিত সংশোধনী অন্তর্ভুক্ত করে খসড়া দুটি পুন:লিখন করে প্রতিটি মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার প্রধানের দৃষ্টি আকর্ষণ বা মতামতের জন্য প্রেরণ করতে হবে।"

২। এমতাবস্থায়, গত ০২ জুলাই ২০১৯খ্রিঃ তারিখ অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়া দুটি সংশোধন করে মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা প্রধানের সদয় অবগতির জন্য এসাথে প্রেরণ করা হলো। একইসাথে বর্ণিত নীতিমালা দুটির বিষয়ে লিখিত মতামত আগামী ১৫ জুলাই ২০১৯খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে পাতা।

৭-৭-১৯

(রোকসিন্দা ফারহানা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯১৯৩
E-mail:dsca2@mocat.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, দিলকুশা, ঢাকা।
১২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
১৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, আর্মড ফোর্সেস ডিভিশন, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
১৪। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা।
১৫। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৬। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
১৭। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, দিলকুশা, ঢাকা।
১৮। মহাপরিচালক, র‍্যাব, র‍্যাব হেড কোয়াটার, উত্তরা, ঢাকা
১৯। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২০। মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

২১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
২২। সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
২৩। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
২৪। সভাপতি/ মহাসচিব, এয়ারলাইন্স অপারেটর এসোসিয়েশন অব বাংলাদেশ, বাড়ী-৫২, (৬ষ্ঠ তলা), রোড নং-১৩/সি,ব্লক-ই,বনানী, ঢাকা
২৫। ব্যবস্থাপনা পরিচালক, বিআরবি এয়ার, কর্পোরেট অফিস, আড়িআর হাউজ, রোড-০১, হাউজ-০১, নিকুঞ্জ-০২, খিলখেত, ঢাতা-১২২৯।
২৬। ব্যবস্থাপনা পরিচালক, এ্যারো টেকনোলজিস (এটিএল), হাউজ নং-৩/এ, রোড নং-০২/ই, বাড়িধারা 'জে' ব্লক. ঢাকা-১২১২।
২৭। ব্যবস্থাপনা পরিচালক, আর এ্যান্ড আর এভিয়েশন,আর এ্যান্ড আর এভিয়েশন হ্যাঙ্গার ফ্লাইং ক্লাব এরিয়া, হশাআবি, কুর্মিটোলা, ঢাকা।
২৮। ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা এভিয়েশন লিঃ, ফ্রেশ ভিলা, বাড়ী নং-১৫, রোড নং-৩৪, গুলশান-০১, ঢাকা-১২১২।
২৯। ব্যবস্থাপনা পরিচালক, বসুন্ধরা এয়ারলাইন্স,বাড়ী নং-১৪৩, রোড নং-০৬, বসুন্ধরা আঃএঃ, ঢাকা।
৩০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলা ইন্টারন্যাশনাল লিঃ, লেন-০৭, বাড়ী নং-৪২০, ডিওএইচএস বাড়িধারা, ঢাকা-১২০৬।
৩১। ব্যবস্থাপনা পরিচালক, সাউথ এশিয়ান এয়ারলাইন্স, বাড়ী নং-৪০, রোড নং-০১, অ্যাপার্টমেন্ট-৩ (দ্বিতীয় তলা-এসডব্লিউ), বনানী, ডিওএইচএস, ঢাকা-১২০৬।
৩২। ব্যবস্থাপনা পরিচালক, স্কয়ার এয়ার, স্কয়ার সেন্টার, ৪৮ মহাখালী সি/এ, ঢাকা-১২১২।
৩৩। পারটেক্স এভিয়েশন লিমিটেড, বাড়ী নং-৭৪, বীর উত্তম একে খন্দকার সরক, ঢাকা-১২১২।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৩। সহকারী প্রোগ্রামার, আইটি সেল, এ মন্ত্রণালয় (নীতিমালা দুটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ------------------------ ২০১৯/ ------------------------- ১৪২৫

হেলিপোর্ট স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০১৯

ভূমিকাঃ

বিগত দুই দশকে বাংলাদেশের আকাশসীমায় হেলিকপ্টার চলাচল উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে হেলিকপ্টারগুলো বিভিন্ন প্রাইভেট কোম্পানী/ ইন্ডাস্ট্রী কর্মকর্তাগণের নিজস্ব ইন্ডাস্ট্রী/ স্থাপনায় যাতায়াত ও অন্যান্য কর্পোরেট কাজে বেশীরভাগ ব্যবহৃত হচ্ছে। এছাড়াও, দেশের বিভিন্ন স্থানে চলাচল এবং রোগী পরিবহণের মত জরুরী প্রয়োজনে ভাড়ায়ও হেলিকপ্টার ব্যবহৃত হচ্ছে। এ ধরণের অতীব জরুরী প্রয়োজনে দ্রুত চলাচলের পরিবহণ হিসেবে হেলিকপ্টারের চাহিদা যেভাবে বেড়ে চলেছে তাতে অদূর ভবিষ্যতে হেলিকপ্টারের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার দ্রুত প্রসার লাভ করবে এতে কোন সন্দেহ নেই।

বর্তমানে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক)-এর ইস্যুকৃত এয়ার অপারেটর সার্টিফিকেট (এওসি) প্রাপ্ত ৮টি হেলিকপ্টার পরিচালনা সংস্থার বহরে প্রায় ২৮-৩০টি হেলিকপ্টার রয়েছে। সবগুলো হেলিকপ্টার সংস্থারই অপারেশনাল অফিস এবং হেলিকপ্টারের হ্যাংগার স্থাপনের জন্য হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে (হশাআবি) জায়গা বরাদ্দ করা হয়েছে। এ বিমানবন্দর হতেই সংস্থাগুলো প্রতিদিন তাদের অপারেশন পরিচালনা করে এবং রাতে বিমানবন্দরেই অবস্থান করে। হেলিকপ্টার সংস্থাগুলোর বহরে প্রতিনিয়ত আরো নতুন নতুন হেলিকপ্টার যুক্ত হচ্ছে এবং আরো কয়েকটি হেলিকপ্টার সংস্থা এয়ার অপারেটরস সার্টিফিকেট প্রাপ্তির আবেদন অনিষ্পন্ন আছে। কিন্তু হশাআবি-তে এবং বাংলাদেশের অন্যান্য বিমানবন্দরের বর্তমানে জায়গার স্বল্পতা নতুন কোন হেলিকপ্টার সংস্থাকে এয়ার অপারেটর সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে একটি বড় অন্তরায়। হেলিকপ্টার এ বিমানবন্দর হতে পরিচালিত হওয়ার কারণে বিমানবন্দরে এয়ার ট্রাফিক মুভমেন্টও বাড়ছে, যে কারণে হেলিকপ্টারসহ অন্যান্য শিডিউল ফ্লাইটের চলাচল বিলম্বিত হচ্ছে। হেলিকপ্টার অপারেটরদের সমস্যার কারণে ইতোমধ্যেই কয়েকটি সংস্থা নিজ খরচে হেলিপোর্ট স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে। বেসরকারি উদ্যোগে হেলিপোর্ট স্থাপন, অনুমোদন পদ্ধতি, পরিচালনার কারিগরি নির্দেশাবলী এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয়াদি সম্পর্কে সকলের অনুসরণের জন্য এ নীতিমালা প্রণয়ন করা হলো :

১। **সংক্ষিপ্ত শিরোনামঃ**

এ নীতিমালা **"হেলিপোর্ট স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০১৯"** নামে অভিহিত হবে।

২। **সংজ্ঞাঃ**

বিষয় ব প্রসঙ্গের পরিপন্থি না হলে , এ নীতিমালায়-

(ক) **"বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)"** অর্থ বেসামরিক বিমান চলচাল কর্তৃপক্ষ আইন-২০১৭ এর সঙ্গায়িত বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

(খ) **"হেলিপোর্ট (Heliport)"** অর্থ সম্পূর্ণ বা আংশিকভাবে কোন হেলিকপ্টার অবতরণ, উড্ডয়ন ও ভূ-পৃষ্ঠে চলাচল করার জন্য ব্যবহৃত বা ব্যবহারের উদ্দেশ্যে নির্মিত বিমানঘাঁটি বা কোন কাঠামোর উপর নির্ধারিত এলাকা।

(গ) **'হেলিপ্যাড (Helipad)'** অর্থ একটি সুনির্দিষ্ট এলাকা যার সম্পূর্ণ বা অংশবিশেষ হেলিকপ্টার উড্ডয়ন, অবতরণ এবং চলাচলের জন্য ব্যবহৃত হয়;

(গ) "Air Navigation Order-(ANO)" অর্থ বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর অধীন এ্যারোনটিক্যাল ও নন-এ্যারোনটিক্যাল বিষয়ক কার্যক্রম পরিচালনার জন্য বেবিচক কর্তৃক জারীকৃত আদেশ;

(ঘ) **"বেবিচক নির্ধারিত"** অর্থ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত ANO, Circular, Instruction ইত্যাদির মাধ্যমে নির্ধারিত;

(ঙ) **"BTRC (বিটিআরসি)"** অর্থ Bangladesh Telecommunication Regulatory Commission;

(চ) "সার্টিফিকেট", "লাইসেন্স" বা "পারমিট" অর্থ বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর অধীন চেয়ারম্যান, বেবিচক কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট, লাইসেন্স বা পারমিট;

(ছ) "Heliport Operator's License" অর্থ বেবিচক নির্ধারিত শর্তের আলোকে Civil Aviation Rules 1984, rule-259 এর আলোকে হেলিপোর্ট পরিচালনার জন্য চেয়ারম্যান, বেবিচক প্রদত্ত লাইসেন্স;

(জ) "মন্ত্রণালয়" অর্থ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

৩। **নীতিমালার প্রয়োগযোগ্যতাঃ**

এ নীতিমালা নিম্নোক্ত ক্ষেত্রসমূহে প্রযোজ্য হবেঃ

(ক) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ব্যতীত অন্য ব্যক্তি/ প্রতিষ্ঠানের খরচে ও ব্যবস্থাপনায় বাংলাদেশে হেলিপোর্ট ও সংশ্লিষ্ট সকল স্থাপনাদি নির্মাণ ও স্থাপনের অনুমোদন প্রদান/ গ্রহণ;

(খ) নির্ধারিত শর্তসমূহের আলোকে এ ধরণের হেলিপোর্ট স্থাপন কার্যক্রম মনিটরিং;

(গ) স্থাপিত হেলিপোর্টের পরিচালনা সরকার ও বেবিচক কর্তৃক মনিটরিং ও এ সম্পর্কিত যেকোন বিষয় নিয়ন্ত্রণ।

৪। **হেলিপোর্ট স্থাপনের জন্য নির্বাচিত হওয়ার যোগ্যতাঃ**

(ক) হেলিপোর্ট স্থাপনকারী/ প্রত্যাশী-কে বাংলাদেশে নিবন্ধিত ব্যবসায়িক প্রতিষ্ঠান অথবা বিধিবদ্ধ সরকারী/ বেসরকারী প্রতিষ্ঠান হতে হবে;

(খ) প্রত্যাশী প্রতিষ্ঠানের আবেদনে হেলিপোর্টের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ এবং হেলিপোর্টের জন্য অতীব জরুরী বলে বিবেচিত অবকাঠামোসমূহ এবং নেভিগেশন, যোগাযোগ, সার্ভেইল্যান্স, ল্যান্ডিং ও সিকিউরিটি ইত্যাদি যন্ত্রপাতি স্থাপনের জন্য পর্যাপ্ত অর্থের সংকুলান বা পর্যাপ্ত অর্থ প্রাপ্তির প্রমাণক থাকতে হবে'।

(গ) হেলিপোর্টে পরিকল্পিত পরিমাপের হেলিপ্যাড, হেলিপ্যাডের চারিদিকে অত্যাবশ্যকীয় নিরাপদ ও প্রতিবন্ধকতামূক্ত এলাকাসমূহ, হেলিকপ্টার পার্কিং, ট্যাক্সিওয়ে, টার্মিনাল ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনা/ যন্ত্রপাতি স্থাপনের জন্য বেবিচক নির্ধারিত পরিমাণের ও পরিমাপের জমি প্রতিষ্ঠানটির নিজস্ব নামে অথবা প্রস্তাবিত স্থানটি হেলিপোর্ট নির্মাণের জন্য পাওয়া যাবে মর্মে যথাযথ আইনসিদ্ধ চুক্তিপত্র বা সরকারী প্রত্যয়ন থাকতে হবে;

(ঘ) হেলিপোর্টের জন্য অত্যাবশ্যকীয় হিসেবে বেবিচক নির্ধারিত স্থাপনাদি ও যন্ত্রপাতিসহ একটি হেলিপোর্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন নির্ধারিত সংখ্যক জনবল হেলিপোর্ট স্থাপনকালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত থাকতে হবে।

(ঙ) প্রস্তাবিত হেলিপোর্টে কমপক্ষে নিম্নবর্ণিত জমি, স্থাপনা ও যন্ত্রপাতি অন্তর্ভুক্ত থাকবে:

(১) হেলিপোর্টটিতে অবতরণ/ উড্ডয়নের জন্য সর্বোচ্চ ধরনের (type) হেলিকপ্টারের জন্য প্রযোজ্য পরিমাপের কমপক্ষে ০২টি হেলিপ্যাড;

(২) নিরাপদে কমপক্ষে ১০ (দশ) টি হেলিকপ্টার পার্কিং, অপারেশন ও রক্ষণাবেক্ষণ কাজের সুবিধা;

(৩) সংযোগ ট্যাক্সিওয়ে, মেইন্টেনেন্স এরিয়া, হেলিপ্যাডের চারিদিকে অত্যাবশ্যকীয় নিরাপদ ও প্রতিবন্ধকতামূক্ত এলাকাসমূহ;

(৪) প্রয়োজনীয় সকল ধরণের যোগাযোগ (কমিউনিকেশন) যন্ত্রপাতিসহ প্রয়োজনীয় উচ্চতার এটিসি কন্ট্রোল টাওয়ার;

(৫) পূর্ণাঙ্গ ফায়ার ফাইটিং সুবিধাসহ একটি ফায়ার ষ্টেশন;

(৬) নেভিগেশন ও ল্যান্ডিং যন্ত্রপাতি এবং আবহাওয়ার তথ্যাদি পাওয়ার যন্ত্র/ সুবিধা;

(৭) প্রয়োজনীয় সিকিউরিটি ও অগ্নি নির্বাপক যন্ত্রপাতি এবং যাত্রী সুবিধাদিসহ টার্মিনাল ভবন;

(৮) হেলিকপ্টার সংস্থাসমূহের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা, মালামাল সংরক্ষণ ও মেরামত/ রক্ষণাবেক্ষনের জন্য অফিস/ জায়গার সুবিধা;

(৯) হেলিপোর্ট পরিচালনাকারী প্রতিষ্ঠানের অফিস;

(১০) হেলিপ্যাড, পার্কিং এলাকা, ট্যাক্সিওয়ে, মেইন্টেনেন্স এলাকা, টার্মিনাল ভবন এবং অত্যাবশ্যকীয় যন্ত্রপাতিসমূহ স্থাপনের জন্য কমপক্ষে ৭ (সাত) একর জমি; এবং

(১১) হেলিপোর্টের জন্য প্রস্তাবিত এলাকায় যাত্রীদের চলাচলের জন্য পর্যাপ্ত কার পার্কিং ব্যবস্থা।

(চ) আবেদনকারী প্রতিষ্ঠানের কমপক্ষে নিম্নোক্ত পরিকল্পনাসমূহ থাকতে হবেঃ

(১) হেলিকপ্টারের নিরাপদ উড্ডয়ন/ অবতরণ/ পরিচালনার স্বার্থে বেবিচক-এর সংশ্লিষ্ট এএনও মোতাবেক হেলিপোর্টের আশেপাশের এলাকা প্রতিবন্ধকতাসমূহ নিয়ন্ত্রণের উপযুক্ত পদ্ধতির পরিকল্পনা;

(২) হেলিপোর্ট স্থাপনের পর, হেলিপোর্টের অপারেশনসহ অন্যান্য কর্মকান্ড নির্বিঘ্নে পরিচালনার উদ্দেশ্যে বেবিচক নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়ে বিভিন্ন শাখা ইউনিট স্থাপন বিষয়ক পরিকল্পনা;

(৩) হেলিপোর্টের নিরাপদ অপারেশন নিশ্চিতকরণ ও সম্ভাব্য দূর্ঘটনা/ জরুরী অবস্থায় সরকারি, বেসরকারি সংস্থার সহায়তা প্রাপ্তির উদ্দেশ্যে উপযুক্ত সংস্থাসমূহের সংগে চুক্তির পরিকল্পনা;

(৪) হেলিপোর্টের অবকাঠামো ও নাব্য, অবতরণ, যোগাযোগ, সার্ভেইল্যান্স, ল্যান্ডিং, সিকিউরিটি ইত্যাদি যন্ত্রপাতির দেনন্দিন মেরামত, উন্নয়ন, আধুনিকায়ন পরিকল্পনা; এবং

(৫) হেলিপোর্ট স্থাপনকারী প্রতিষ্ঠানের নিজস্ব হেলিকপ্টার ব্যতীত অন্য হেলিকপ্টারের জন্য হেলিপোর্টে প্রদানযোগ্য বিভিন্ন প্রকার পরিসেবার পরিকল্পনা।

(ছ) : জনস্বার্থে জরুরি প্রয়োজনে অন্য কোন সরকারি প্রতিষ্ঠান/ সংস্থাকে সাময়িকভাবে হেলিপোর্ট ব্যবহারের সুযোগ প্রদানের অঙ্গীকারনামা থাকতে হবে।

৫। **সরকারি বিমানবন্দর/ হেলিপোর্ট/ হেলিপ্যাড এবং গুরুত্বপূর্ণ স্থাপনা হতে দূরত্ব :**

বাংলাদেশের বিভিন্ন স্থানের সরকার অনুমোদিত সরকারী গুরুত্বপূর্ণ স্থাপনা (Key Point Installation-KPI) এর কেন্দ্র হতে নিরাপদ দূরত্বে হেলিপোর্ট নির্মাণের পরিকল্পনা করতে হবে।

৬। **হেলিপোর্ট নির্মাণ/স্থাপনের অনুমোদন গ্রহণ/ প্রদানঃ**

(ক) আগ্রহী প্রতিষ্ঠান হেলিপোর্ট নির্মাণ/ স্থাপনের জন্য নিম্নোক্ত কাগজপত্রসহ বেবিচক নির্ধারিত পদ্ধতিতে চেয়ারম্যান বরাবরে আবেদন করবে:

(১) ব্যবসায়িক প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ নিবন্ধন সম্পর্কিত কাগজপত্র;

(২) হেলিপোর্ট নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থের উৎস সম্পর্কিত কাগজপত্র;

(৩) হেলিপোর্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় জমি সম্পর্কিত কাগজপত্র;

(৪) হেলিপোর্টের নক্সা;

(৪) হেলিপোর্ট স্থাপন ও স্থাপন পরবর্তী অপারেশনাল পরিচালনার জন্য বিভিন্ন ইউনিটের জনবলের কাঠামো (Organogram) এবং হেলিপোর্ট স্থাপন ও পরিচালনা সংশ্লিষ্ট কাজে তাদের যোগ্যতা ও অভিজ্ঞতা;

(৫) হেলিপোর্ট স্থাপনের পর হেলিকপ্টারসমূহের নিরাপদ পরিচালনার জন্য এবং যোগাযোগ ও নেভিগেশন যন্ত্রপাতির সঠিক কার্যক্রমের জন্য হেলিপোর্টের চারপাশ বেবিচক নির্ধারিত চাহিদা মোতাবেক প্রতিবন্ধকতামুক্ত রাখার ক্ষেত্রে প্রয়োজনীয় পরিকল্পনা;

(৬) প্রযোজ্য ক্ষেত্রে রাজউক/ কেডিএ/ আরডিএ/ সিডিএ/ অন্যান্য উন্নয়ন সংস্থা/ গণপূর্ত বিভাগ অথবা জেলা/ উপজেলা এলাকার জন্য নির্ধারিত জেলা কমিটির অনুমতি/ অনাপত্তি পত্র;

(৭) হেলিপোর্ট স্থাপনের জন্য ৪ নং অনুচ্ছেদের (চ) উপানুচ্ছেদের বিধান অনুসারে বর্ণিত পরিকল্পনাসমূহ; এবং

(৮) বেবিচক নির্ধারিত অন্যান্য কাগজপত্র।

(খ) আবেদন প্রাপ্তির পর বেবিচক-সকল অপারেশনাল বিভাগের সমন্বয়ে গঠিত একটি কমিটির মাধ্যমে হেলিপোর্টের জন্য প্রস্তাবিত স্থান পরিদর্শন ও কাগজপত্র প্রাথমিক যাচাই-বাছাইয়ের পর প্রস্তাবিত হেলিপোর্টটি অনুমোদনযোগ্য কিনা সে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করবে। আবেদনকারীর প্রস্তাব গ্রহণযোগ্য হলেই বিস্তারিত প্রতিবেদনসহ আবেদনপত্রটি মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

(গ) মন্ত্রণালয় হেলিপোর্ট স্থাপনের প্রস্তাবের বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়; সুরক্ষা সেবা বিভাগ; জননিরাপত্তা বিভাগ; প্রতিরক্ষা মন্ত্রণালয়; গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়; ডিজিএফআই এবং এনএসআই এর প্রাথমিক মতামত গ্রহণ করবে।

(ঘ) বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ থেকে মতামত প্রাপ্তির পর নিম্নোক্ত কমিটির মাধ্যমে প্রস্তাবটি যাচাই করে মন্ত্রণালয় নীতিগত অনুমোদন প্রদান করবে অথবা পরামর্শসহ ফেরত প্রদান করবে:

<u>কমিটি</u>

(১) অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	-আহ্বায়ক
(২) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি	-সদস্য
(৩) জননিরাপত্তা বিভাগের প্রতিনিধি	-সদস্য
(৪) সুরক্ষা সেবা বিভাগের প্রতিনিধি	- সদস্য
(৫) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি	-সদস্য
(৬) বুয়েট এর প্রতিনিধি	-সদস্য
(৭) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধি	-সদস্য
(৮) উপসচিব (সিএ)	- সদস্য-সচিব

(ঙ) মন্ত্রণালয়ের নীতিগত অনুমোদনের পর বেবিচক হেলিপোর্ট নির্মানের অনুমোদন প্রদান করবে এবং আবেদনকারী সংস্থা সকল শর্ত, আদর্শ ও সম্মতি এবং নির্ধারিত নক্সা অনুসরণে হেলিপোর্ট স্থাপণ করছে কি-না সে বিষয়ে নিয়মিত মনিটরিং করবে।

৭। **বেসরকারি হেলিপোর্ট পরিচালনার উদ্দেশ্যে হেলিপোর্ট অপারেটর লাইসেন্স গ্রহণ:**

(ক) মন্ত্রণালয়ের নীতিগত অনুমোদন ও বেবিচক-এর অনুমোদনের পর এবং হেলিপোর্ট নির্মাণ সম্পন্নের হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হেলিপোর্টের পরিচালনার জন্য বেবিচক নির্ধারিত প্রক্রিয়া অনুসরণপূর্বক "Heliport Operator's Licence" গ্রহণ করবে;

(খ) হেলিপোর্ট পরিচালনার জন্য বেবিচক নির্ধারিত শর্তাদিতে অন্যান্য বিষয়ের সংগে অবশ্যই নিম্নোক্ত বিষয় সমূহ স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে:

(১) হেলিপোর্টের চারিদিকের অপারেশনাল আকাশসীমা (Airspace);

(২) হেলিপোর্টের জন্য বেবিচক নির্ধারিত আকাশসীমার বাহিরে অপারেশনের ক্ষেত্রে অনুমতি গ্রহণের পদ্ধতি;

(৩) হেলিকপ্টারে যাত্রী ও মালামাল উঠা/ নামার ক্ষেত্রে পালনীয় সিকিউরিটি স্ক্রীনিং পদ্ধতি;

(৪) হেলিপোর্টের নিরাপত্তা রক্ষার্থে পালনীয় পদ্ধতি;

(৫) হেলিপোর্ট ব্যবহারকারী হেলিকপ্টার অপারেটর ও যাত্রীগণকে প্রদানযোগ্য ন্যুনতম সেবাসমূহ;

(৬) হেলিপোর্টে কর্মরত প্রতিটি ব্যক্তির বিষয়ে পুলিশ বিভাগের অনাপত্তি পত্র;

(৭) বিভিন্ন জরুরী অবস্থায় পালনীয় ও করণীয়; ইত্যাদি।

(গ) "Heliport Operator's Lisence" এর মেয়াদ হবে ০১ (এক) বছর এবং বেবিচক নির্ধারিত সকল শর্তাদি/ চাহিদা পূরণ সাপেক্ষে প্রতিবছর নবায়ন করা যাবে।

(ঘ) "Heliport Operator's License" গ্রহণের পর লাইসেন্সে বর্ণিত শর্তাদি/ চাহিদা ভংগের ক্ষেত্রে এবং নির্ধারিত মানদন্ডের চেয়ে নিম্নমানের/ অনিরাপদ অপারেশনাল পরিসেবা প্রদানের কারণে বেবিচক প্রযোজ্য দন্ড/ জরিমানা আরোপ ও "Heliport Operator's License" বাতিল বা অপারেশন স্থগিত করতে পারবে।

৮। **হেলিপোর্ট পরিচালনার আকাশসীমা :**

(ক) হেলিপোর্টের অপারেশন হেলিপোর্টের চারিদিকে বেবিচক নির্ধারিত আকাশসীমার (Airspace) মধ্যে সীমাবদ্ধ থাকবে। উক্ত সীমার বাইরের অপারেশন বেবিচক নির্ধারিত পদ্ধতিতে ও বেবিচক নির্ধারিত এটিসি/ অপারেশনাল ইউনিটের সংগে যোগাযোগপূর্বক প্রাপ্ত নির্দেশনা/ অনুমোদন মোতাবেক পরিচালিত হবে।

(খ) হেলিপোর্টের জন্য বেবিচক নির্ধারিত আকাশসীমার (Airspace) বাইরে হেলিকপ্টারের অপারেশন পরিচালনার জন্য বেবিচকের প্রচলিত পদ্ধতিতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

(গ) হেলিকপ্টারের নিরাপদ অবতরণ/ উড্ডয়নের স্বার্থে হেলিপোর্টের জন্য বেবিচক নির্ধারিত আকাশসীমার (Airspace) মধ্যে ভূমিতে অবস্থিত/ স্থাপিতব্য সকল ব্যক্তি/ প্রতিষ্ঠানের অবকাঠামোর উচ্চতা নিয়ন্ত্রণের ক্ষমতা বেবিচক-এর থাকবে। তবে, হেলিপোর্টের পরিচালনাকারী হেলিপোর্টের চারিদিকের অবকাঠামোর পরিস্থিতি সর্বদা মনিটর করবে এবং প্রয়োজন অনুযায়ী বেবিচককে অবগত করবে।

৯। **হেলিপোর্টে কতিপয় সেবা পরিচালনা:**

(ক) যেকোন হেলিকপ্টার পরিচালনাকারী প্রতিষ্ঠান এ নীতিমালার আওতায় স্থাপিত হেলিপোর্টে অবতরণ/ উড্ডয়ন ও হেলিপোর্টের অন্যান্য সেবাসমূহ গ্রহণ করতে চাইলে, বেবিচক-এর অনুমোদনক্রমে তাদেরকে সকল সেবা/ সুবিধা প্রদান করা যাবে;

(খ) বেসরকারী হেলিপোর্টে অবতরণ/ উড্ডয়নকারী হেলিকপ্টারের অধিকতর নিরাপত্তা বা সুরক্ষার স্বার্থে হেলিপোর্টের এক বা একাধিক অত্যাবশ্যকীয় পরিসেবা হেলিপোর্ট অপারেটরের লিখিত আবেদনের প্রেক্ষিতে সরকারের অনুমোদনক্রমে বেবিচকের ব্যবস্থাপনায় প্রদান করা যাবে। এক্ষেত্রে, প্রদত্ত পরিসেবার বিপরীতে বেবিচক-এর সকল ব্যয়ভার হেলিপোর্ট অপারেটর ত্রৈমাসিক ভিত্তিতে বেবিচক বরাবর অগ্রীম পরিশোধ করবে;

(গ) বেবিচকের বিবেচনায়, কোন বেসরকারী হেলিপোর্টে অবতরণ/ উড্ডয়নকারী হেলিকপ্টারের অধিকতর নিরাপত্তা বা সুরক্ষার স্বার্থে, এক বা একাধিক অত্যাবশ্যকীয় পরিসেবা বেবিচক কর্তৃক প্রদান করা জরুরী বলে প্রতীয়মান হলে, সরকারের অনুমোদনক্রমে বেবিচক উক্ত হেলিপোর্ট অপারেটরকে নোটিশ প্রদানপূর্বক সরাসরি উক্ত পরিসেবা প্রদান শুরু করতে পারবে। এক্ষেত্রে, প্রদত্ত পরিসেবার বিপরীতে বেবিচক-এর সকল ব্যয়ভার হেলিপোর্ট অপারেটর ত্রৈমাসিক ভিত্তিতে বেবিচক বরাবর অগ্রীম পরিশোধ করবে। তবে এ ধরনের পরিসেবা ৬ (ছয়) মাসের বেশী সময় ধরে বেবিচক কর্তৃক প্রদান করার প্রয়োজন হলে তা সংশ্লিষ্ট হেলিপোর্ট অপারেটর কর্তৃক হেলিপোর্ট পরিচালনায় অসমর্থ বলে গণ্য হবে এবং বেবিচক উক্ত হেলিপোর্টের "Heliport Operators Licence" স্থগিত / বাতিল করতে পারবে।

১০। **হেলিপোর্টের লাইসেন্স ইস্যু/ নবায়ন, জামানত প্রদান এবং বিভিন্ন প্রকার চার্জ/ ভাড়া/ ফি আদায়ঃ**

(ক) হেলিপোর্ট স্থাপনকারী/ অপারেটর সরকার নির্ধারিত "Heliport Operators Licence" ইস্যু/ নবায়ন ফি ও জামানত বেবিচক-কে প্রদান করবে।

(খ) হেলিপোর্টের জন্য বেবিচক নির্ধারিত আকাশসীমার বাইরে অপারেশনের জন্য বেবিচক নির্ধারিত সকল এরোনটিক্যাল চার্জ/ ভাড়া/ ফি সংশ্লিষ্ট হেলিকপ্টার অপারেটর যথারীতি বেবিচকের অনুকূলে পরিশোধ করবে।

(গ) বেবিচক-এর প্রাপ্য কোন পাওনা যথাসময়ে পরিশোধে ব্যর্থতার কারণে অথবা লাইসেন্সে বর্ণিত শর্তাদি পালনে ব্যর্থতার কারণে, বেবিচক উক্ত হেলিপোর্টের "Heliport Operators Licenc" বাতিল এবং সম্পত্তির বিষয়ে প্রচলিত আইনে ব্যবস্থা গ্রহণ করতে পারবে"।

১১। **সুরক্ষা ও নিরাপত্তা সংক্রান্ত পরিদর্শন:**

(ক) বেসরকারি হেলিপোর্ট পরিচালনার উদ্দেশ্যে "Heliport Operator's License" প্রাপ্ত হেলিপোর্ট পরিচালনাকারী হেলিপোর্টের সকল ব্যবস্থাপনা, অপারেশন পরিচালনা, সুরক্ষা ও নিরাপত্তা বেবিচক নির্ধারিত শর্ত/চাহিদা মোতাবেক নিশ্চিত করছে কি না তা চেয়ারম্যান, বেবিচকের অনুমতি প্রাপ্ত কর্মকর্তা/ প্রতিনিধি নিয়মিত/ আকস্মিকভাবে পরিদর্শনের মাধ্যমে মনিটরিং করবে। বেবিচক নির্ধারিত নিয়মিত/ আকস্মিকভাবে পরিদর্শনের নিযুক্ত পরিদর্শক/ কর্মকর্তা/ প্রতিনিধিকে পরিদর্শন কাজ সম্পাদনে হেলিপোর্ট অপারেটর পূর্ণ সহযোগিতা প্রদান করবে এবং হেলিপোর্টের সকল স্থাপনায়/ স্থানে বিনাবাধায় তাৎক্ষণিকভাবে প্রবেশের অনুমতি প্রদান করবে।

(খ) নিয়মিত/ আকস্মিক পরিদর্শনের পর পরিদর্শনকারী ব্যক্তি/ দলের প্রদত্ত পর্যবেক্ষণ ও সুপারিশ বেবিচক নির্ধারিত সময়ের মধ্যে সমাধানে হেলিপোর্ট অপারেটর বাধ্য থাকবে। এক্ষেত্রে ব্যর্থতায় বেবিচক নির্ধারিত পদ্ধতিতে হেলিপোর্ট অপারেটরকে প্রযোজ্য দন্ড আরোপ করবে।

১২। **বেবিচক ও সরকারের অন্যান্য সংস্থার আইন বা বিধি-বিধান প্রতিপালনে ব্যর্থতার জন্য দন্ডঃ**

(ক) হেলিপোর্ট পরিচালনার ক্ষেত্রে বেসামিরক বিমান চলাচল আইন, ২০১৭; বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭; Civil Aviation Rules 1894; বেবিচক নির্ধারিত ও প্রযোজ্য অন্যান্য শর্ত/ চাহিদা প্রতিপালনে ব্যর্থতায় বেবিচক নির্ধারিত Enforcement এর আওতায় শাস্তি যোগ্য হবে।

(খ) প্রযোজ্য ক্ষেত্রে সরকারের অন্যান্য বিভাগ/ সংস্থার আইন/ বিধি/ বিধান প্রতিপালনে ব্যর্থতার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/ সংস্থার আইন/ বিধি/ বিধানে নির্ধারিত দন্ড প্রযোজ্য হবে।

১৩। **বিশেষ বিবেচনামূলক ক্ষমতাঃ**

এ নীতিমালায় যা কিছুই থাকুকনা কেন, জননিরাপত্তার স্বার্থে অথবা অন্য যেকোন জরুরী রাষ্ট্রীয় প্রয়োজনে অথবা অন্যান্য যেকোন কারণে/ যেকোন সময়ে যেকোন বেসরকারি হেলিপোর্ট স্থাপনের অনুমোদন, পরিচালনা অথবা এর যেকোন কার্যক্রম স্থগিত/ সম্পূর্ণ বন্ধ/ বাতিল করা অথবা হেলিপোর্টের অপারেশনাল লাইসেন্স স্থগিত/ রহিত করা অথবা হেলিপোর্টের সকল সম্পত্তি সরকারের নিয়ন্ত্রণে আনয়নের ক্ষমতা সরকার সংরক্ষণ করে।

১৪। **কার্যকারিতাঃ**

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে এবং বাংলাদেশে বেসরকারী হেলিপোর্ট স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের জন্য প্রযোজ্য হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়

সিএ-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখঃ ....২০১৯/ ১৪২৬

Rooftop Helipad নীতিমালা-২০১৯

ভুমিকাঃ বাংলাদেশে হেলিকপ্টার ব্যবহার বিগত বছরে বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। যোগাযোগ ব্যবস্থার প্রভূত উন্নতি সাধিত হলেও যানবাহনের আধিক্যে সড়কপথে যানজটের কারণে বর্তমানে যোগাযোগ সময়সাধ্য হয়ে উঠেছে। বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল থেকে মরণাপন্ন রোগীকে দ্রুত স্থানান্তর, জরুরী সেবা প্রদান, দূর্ঘটনা ও প্রাকৃতিক দূর্যোগে দ্রুত সহায়তা প্রদান এবং ব্যবসায়িক কারণে তরিৎ যোগাযোগের জন্য হেলিকপ্টারের চলাচল এখন সময়ের গুরত্বপূর্ণ চাহিদা।

সাধারণত Rooftop Helipad কোনো এলাকার সবচেয়ে উচুঁ ভবনের ছাদে স্থাপন করা হয়। ছাদের উপর অবস্থানের কারণে হেলিকপ্টারের উড্ডয়ন এবং অবতরণ পথ বেশ সহজ হয়। এছাড়া পাইলট সব সময় বাতাসের মুখোমুখি অবতরণের সুযোগ পান।

সময়রে প্রয়োজনে হেলিকপ্টাররে নিরাপদ উড্ডয়ন ও অবতরণ নিশ্চিতকরণের নিমিত্ত Rooftop Helipad হিসেবে ব্যবহৃত ভবনের সহনশীলতা নিশ্চিতকরণ, ভবনে যাত্রীদের প্রবেশ ও বর্হিগমন সুসমন্বিতকরণ এবং কারিগরি এবং যান্ত্রিকভাবে হেলিকপ্টারের নিরাপদ চলাচলের জন্য একটি সমন্বিত নীতিমালা প্রয়োজন। এ উদ্দেশ্যকে সামনে রেখে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

১। **সংক্ষিপ্ত শিরোনামঃ**

এ নীতিমালা "**Rooftop Helipad** নীতিমালা-২০১৯" নামে অভিহিত হবে।

২। **সংজ্ঞাঃ**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে, এ নীতিমালায়-

(ক) 'International Civil Aviation Organization (ICAO)' অর্থ ১৯৪৪ সনে স্বাক্ষরিত শিকাগো কনভেনশন এর সঙ্গায়িত International Civil Aviation Organization;

(খ) 'Air Navigation Order (ANO)' অর্থ বেসামরিক বিমান চলাচল আইন-২০১৭ অধীন Aeronautical/ Non Aeronautical কার্যক্রম পরিচালনার জন্য জারীকৃত আদেশ;

(গ) 'বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)' অর্থ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন-২০১৭ এর সঙ্গায়িত বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

(ঘ) 'Helipad' অর্থ একটি সুনির্দিষ্ট এলাকা যার সম্পূর্ণ বা অংশবিশেষ হেলিকপ্টার উড্ডয়ন, অবতরণ এবং চলাচলের জন্য ব্যবহৃত হয়;(ঙ) 'Rooftop Helipad' অর্থ যেকোন উচুঁ অবকাঠামোর উপর অবস্থিত একটি সুনির্দিষ্ট এলাকা যার সম্পূর্ণ বা অংশবিশেষ হেলিকপ্টার উড্ডয়ন, অবতরণ এবং চলাচলের জন্য ব্যবহৃত হয়;

৩। **নীতিমালার প্রযোজ্যতাঃ**

(ক) এ নীতিমালা বাংলাদেশের ভৌগলিক এলাকায় প্রযোজ্য হবে;

(খ) শুধুমাত্র Corporate/ Medical Evacuation মিশন এর জন্য এ নীতিমালা প্রযোজ্য হবে।

(গ) Rooftop Helipad -এ অবতরণকারী হেলিকপ্টার অবশ্যই Multi Engine Helicopter হতে হবে।

(ঘ) Rooftop Helipad থেকে কেবলমাত্র দিনের বেলায় ফ্লাইট পরিচালনা করা যাবে।

৪। **Rooftop Helipad স্থাপনের সাধারণ শর্তাবলীঃ**

(ক) আবেদনকারী ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীকে আবশ্যিকভাবে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং কোন ধরনের বেআইনি র্কমকান্ডের সাথে জড়িত থাকতে পারবেনা;

(খ) আবদেনকারীকে জমি, স্থাপনা ও অবকাঠামোর মালিক হতে হবে অথবা বৈধ মালিকের নিকট হতে এটি পরিচালনার অনুমতি/ অনাপত্তি গ্রহণের দালিলিক প্রমাণ থাকতে হবে;

(গ) প্রত্যাশী ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের আবেদনে Helipad নির্মাণ এবং এটি পরিচালনা জন্য পর্যাপ্ত অর্থের সংকুলান বা পর্যাপ্ত অর্থের প্রাপ্তির উৎসের প্রমাণকসহ বিস্তারিত বর্ণনা থাকতে হবে;

(ঙ) সংশ্লিষ্ট ভবনটি বাংলাদশে সরকারের প্রচলিত ইমারত নির্মাণ বিধি/ বিধান অনুসরণপূর্বক নির্মিত হতে হবে এবং এর ছাদের ভারবহন ক্ষমতা বাংলাদশের সর্বোচ্চ ভারী হেলিকপ্টার উড্ডয়ন/ অবতরণে সক্ষম হতে হবে;

(চ) এলাকাটি হেলিকপ্টাররের ফ্লাইট পরিচালনায় বিঘ্ন সৃষ্টিকারী অবকাঠামো মুক্ত হতে হবে;

(ছ) সরকার ঘোষিত Key Point Installation (KPI) এর কেন্দ্র হতে নিরাপদ দূরত্বে হেলিপোর্ট নির্মাণের পরিকল্পনা করতে হবে।

(জ) জনস্বার্থে জরুরি প্রয়োজনে সরকারি সংস্থাসমূহের হেলিকপ্টার বিনা ভাড়ায় অবতরণের সুযোগ পারে।

৫। **নিরাপত্তা শর্তাবলীঃ**

(ক) নিরাপত্তা ব্যবস্থাপনা (Security scanning) এর মাধ্যমে Rooftop Helipad এলাকায় যাত্রী ও পরিচালনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে প্রবেশ করতে হবে।র

(খ) সিএএবি কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে নিরাপত্তা সংক্রান্ত যাবতীয় যন্ত্রাদি স্থাপন ও ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম পরচালনা করতে হবে;

৬। **অগ্নি-নির্বাপক নির্দেশাবলীঃ**

(ক) Rooftop Helipad-টিতে চলাচলকারী হেলিকপ্টারের জন্য একটি যথাযথ অগ্নি-নির্বাপক ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং এটি বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কতৃর্ক অনুমোদিত হতে হবে;

(খ) হেলিকপ্টারের অগ্নি-নির্বাপক কাজে নিয়োজিত সকল জনবলকে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে;

৭। **Standard Operation Procedure (SOP)**

কর্তৃপক্ষকে Rooftop Helipad এর ব্যবস্থাপনা, অপারেশন, সার্বিক সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য সিএএবি'র নির্দেশনা মোতাবেক একটি Standard Operation Procedure (SOP) তৈরী করতে হবে যেখানে ন্যূনতম নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভূক্ত থাকবে;

১) Status of Helipad;

২) সাধারণ ও জরুরী Operational Procedure;

৩) Rescue & Fire Fighting সংক্রান্ত তথ্যাবলী;

৪) হেলিপ্যাডের ডিজাইন;

৫) জরুরী পরিস্থিতি মোকাবেলার নির্দেশাবলী;

৬) জরুরী অবস্থায় নিয়ন্ত্রণ কক্ষের সাথে যোগাযোগ স্থাপনের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম/ মোবাইল নম্বর;

৭) হেলিপ্যাড এর আশেপাশের Obstacle (যদি থাকে) এর বিবরণ;

৮) Marking and Lighting;

৯) হেলিকপ্টারের নিরাপদ উড্ডয়ন ও অবতরণ নিশ্চিত করণের নিমিত্তে এবং জরুরী পরিস্থিতিতে মোকাবেলা করার জন্য নিকটবর্তী বিমানবন্দরের কন্ট্রোল টাওয়ারের সাথে যোগাযোগ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা।

৮। **Rooftop Helipad এর আবেদন, নীতিগত অনুমোদন ও পারমিট প্রদান পদ্ধতি:**

(ক) Rooftop Helipad কর্তৃপক্ষ Helipad টি পরিচালনা বা তৈরীর কমপক্ষে ৬০ দিন পূর্বে নির্ধারিত ফরমে (Site Clearance, License/Authorization & Renewal ইত্যাদি উল্লেখসহ) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি) বরাবর আবেদন করবে।

(খ) Rooftop Helipad এর জন্য আবেদনকালে ন্যূনতম নিম্নলিখিত তথ্যাদি দাখিল করতে হবে:

(i) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনাপত্তি;

(ii) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগের অনাপত্তি;

(iii) জলবায়ু পরিবর্তন,পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অনাপত্তি;

(iv) স্থানীয় সরকার প্রতিষ্ঠান যেমন- সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদের অনাপত্তি;

(v) আবেদনকারী ভবনের মালিক না হলে বৈধ মালিকের নিকট হতে অনাপত্তি;

(vi) BUET কর্তৃক অনুমোদিত Structural Design এবং Load bearing Capacity Certificate;

(vii) ভবন নির্মাণের অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনপত্র;(viii) ডিজিএফআই ও এনএসআই হতে অনাপত্তি; এবং

(ix) ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য কেপিআইডিসি এর মতামত/ অনাপত্তিপত্র।

(গ) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি) Rooftop Helipad এর জন্য প্রার্থীত অবকাঠামো, নিরাপত্তা নির্দেশনা, অগ্নি-নির্বাপণ ব্যবস্থা পর্যালোচনা, BUET কর্তৃক অনুমোদিত Structural Design, Load bearing Capacity Certificate এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়সমূহ যাচাই-বাছাই করে সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

(ঘ) সিএএবি হতে প্রস্তাব প্রাপ্তির পর মন্ত্রণালয় নিম্নোক্ত কমিটির মাধ্যমে যাচাই করে প্রস্তাবটির নীতিগত অনুমোদন প্রদান করবে অথবা পরামর্শসহ সংশোধনের জন্য প্রস্তাবটি ফেরত প্রদান করবে:

কমিটি

(১) অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	-	আহবায়ক
(২) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি	-	সদস্য
(৩) জননিরাপত্তা বিভাগের প্রতিনিধি	-	সদস্য
(৪) সুরক্ষা সেবা বিভাগের প্রতিনিধি	-	সদস্য
(৫) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি	-	সদস্য
(৬) বুয়েটের প্রতিনিধি	-	সদস্য
(৭) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধি	-	সদস্য
(৮) উপসচিব (সিএ)	-	সদস্য-সচিব

৯। **পারমিট প্রদান:**

(ক) মন্ত্রণালয়ের নীতিগত অনুমোদন প্রাপ্তির পর সুরক্ষা, নিরাপত্তা ও সকল কারিগরী শর্তাবলী পূরণ সাপেক্ষে সিএএবি সংশ্লিষ্ট Rooftop Helipad এর অনুকূলে পারমিট প্রদান করবে।

(খ) পারমিট হস্তান্তরযোগ্য নয়;

১০। **ANO জারীর ক্ষমতাঃ**

এ নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণভাবে সিএএবি বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ১৪(১) ও ১৪(২) অনুযায়ী প্রয়োজনীয় Rooftop helipad স্থাপন ও পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় ANO জারী করবে।

১১। **Rooftop Helipad পারমিট ফি:**

নতুন Rooftop Helipad-এর পরমিট প্রদান এবং নবায়নের জন্য হেলিপ্যাড কর্তৃপক্ষ সরকার নির্ধারিত ফি প্রদান করবে।

১২। **Rooftop Helipadএর পারমিটের মেয়াদ ও নবায়ন:**

(ক) Rooftop Helipad এর পারমিটের মেয়াদ হবে ০১ (এক) বছর। তবে, নিরাপত্তা ও সুরক্ষা বিঘ্নের সম্ভাবনা থাকলে সিএএবি যে কোন সময় পারমিট স্থগিত/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবে।

(খ) নির্দিষ্ট সময়ান্তে সন্তোষজনক পরিচালনার প্রমাণসাপেক্ষে, অবকাঠামো এবং নিরাপত্তার বিষয়টি নিশ্চিত হয়ে পরিচালনা কর্তৃপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে সিএএবি Rooftop Helipad এর পরবর্তী মেয়াদ নবায়ন করবে।

১৩। **পরিদর্শন:**

(ক) Rooftop Helipad নির্মাণ চলাকালে অথবা পরবর্তী কার্যক্রম চলাকালে সিএএবি যেকোন সময় বিনা নোটিশে পরিদর্শন করার ক্ষমতা সংরক্ষণ করবে;

(খ) Rooftop Helipad এর জনবল, সুরক্ষা ও নিরাপত্তার নিয়মাবলীসমূহ যথাযথভাবে অনুসরণ করা হয় কি-না তা সিএএবি-এর যোগ্যতা সম্পন্ন জনবল দ্বারা প্রতি ০৬ (ছয়) মাস অন্তর অন্তর পরিদর্শন করবেন এবং প্রয়োজনে সংশ্লিষ্ট হেলিপ্যাড কর্তৃপক্ষকে নির্দেশনাপ্রদান করবেন;

(গ) মন্ত্রণালয় মনোনীত প্রতিনিধি যে কোন সময় Rooftop Helipad পরিদর্শন করতে পারবে।

(ঘ) Rooftop Helipad -এর অগ্নি-নির্বাপক যন্ত্রপাতি ও আনুষংগিক সুবিধাদি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়মিতভাবে পরিদর্শন করবে।

১৪। **অননুমোদিত Rooftop Helipad পরিচালনার শাস্তিঃ**

অননুমোদিত Rooftop Helipad হতে যেকোন ধরনের হেলিকপ্টার উড্ডয়ন ও অবতরণ অপরাধ হিসেবে গণ্য হবে এবং সরকারের প্রচলিত বিধি-বিধান অনুযায়ী শাস্তিযোগ্য হবে।

১৫। **Deck/ Offshore Helipad এর ক্ষেত্রে প্রযোজ্যতাঃ**

এই নীতিমালা প্রয়োজনীয় অভিযোজনসহ Deck/ Offshore Helipad এর ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

১৬। **নীতিমালা পালনে বাধ্যবাধকতাঃ**

অপারটেরগণ এই নীতমিালা এবং "বাংলাদেশী মালকিনাধীন বিমান সংস্থা কর্তৃক বাংলাদেশের অভ্যন্তরে অনুনমোদিত রুটে ফ্লাইট পরিচালনা নীতমিালা, ২০১৯" এর সকল শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকবেন। এছাড়া Rooftop Helipad পরিচালনা নীতিমালার আলোকে সিএএবি কর্তৃক জারীকৃত ANO, সার্কুলার ও অন্যান্য নির্দেশাবলী আবশ্যিকভাবে মেনে চলতে হবে।

১৭। বিবেচনামুলক ক্ষমতাঃ

এই নীতিমালার পূর্বোক্ত অনুচ্ছেদসমূহে যাই থাকুক না কেন, রাষ্ট্রীয় এবং জননিরাপত্তার স্বার্থে অথবা অন্যান্য কারণে সরকার যেকোন সময়ে Rooftop Helipad পরিচালনার অনুমোদন মঞ্জুর/ বাতিল/ স্থগিত/ প্রত্যাখ্যানের ক্ষমতা সংরক্ষণ করে।

১৮। রহিতকরণ ও হেফাজতঃ

এ নীতিমালা কার্যকর হওয়ার তারিখ হতে Rooftop Helipad পরিচালনার ইতোপূর্বে জারীকৃত সকল কিছুই রহিত হয়েছে বলে গণ্য হবে। এরূপ রহিত করণ সত্বেও এ নীতিমালা কার্যকরের পূর্ব পর্যন্ত বৈধভাবে Rooftop Helipad পরিচালনার কার্যক্রম এ নীতিমালার আলোকে গৃহিত হয়েছে মর্মে গণ্য হবে।